

স্বাধীনতা দিবসে সেজান মাহমুদ-এর
রাজনৈতিক ছড়া

হুজুর!

বাব্বা,
আপনি হুজুর সব টাউন্টের আব্বা!

ইয়াহিয়ার খাঁটি গোলাম
নামও গোলাম আযম,
কে না জানে শয়তানদের তিনিই প্রোটোপ্লাজম!

ধর্ম নিয়া খেল মারেন
মিডল-ইস্টে তেল মারেন
আপনি হুজুর গোলাম বটে সাচ্চা,
বাংলাদেশেই প্রসব করেন রাজাকারের বাচ্চা।

আপনি হুজুর 'চিজ হোতা হয় চাল্লু'
চামচাগিরির দোষ দিলে
তখন তখন খোশ দিলে
পা ধরে কন 'তু-তো মেরা জানে জিগার খাল্লু'
আপনি হুজুর 'চিজ হোতা হয় চাল্লু'।

হুজুর বটে খোদার খাঁটি বান্দা
দিনরাত্রি খাচ্ছে ফলার
কড়কড়ে নোট পেট্রোডলার
ফটকাবাজির আদ্যিকালের ধান্দা।

আপনি হুজুর ভীষণ রকম গুণী
নামের আগে খেতাব আছে খুনী
আরও খবর হাওয়ায় ভাসে শুনি
আপনি নাকি প্রতিভার এক টিবি
হেরেমখানায় বন্দী রাখেন সুননী চার বিবি।

আপনি হুজুর দেখান তেলসমাতি
পালটে লেবাস চট করে
আব্বা ডেকে ফট করে
দেশ দরদী সাজেন রাতারাতি।

একাত্তরের গণহত্যার দোষ রয়েছে জমা,
কিন্তু দেখি ওমা-
চামচাসহ বাগিয়ে নিলেন খুব সাধারণ ক্ষমা!
আমরা এবার ফাটিয়ে দেব মুখের ট্যারাতোমা।

উত্তরসুরী মোসলেম আর মুজাহিদ-নিজামী
মুক্তিযুদ্ধ নিয়ে করে ছি-রকম পাইজামী!
ভাবেন বুঝি, সব গিয়েছি ভুলে?
রাজপথের ঐ টোকাই ছেলেও আগুন দেবে চুলে।

জুতোর বাড়ি খেয়ে যখন হলেন নাজেহাল
হাইসা কহেন বাংলাদেশের ভীষণ বাজে হাল।
মানি লোকের মান দেয় না
লোকগুলো সব ইতর,
গোলাম হওয়ার সদগা পেলেন জুতোর মারের ভিতর।

কিন্তু হুজুর জাইনা রাখেন ঠিক করে
যতই হাসেন দেঁতো হাসি ফিক করে
বাংলা থনে ভাগায় দিমু ফুটবলের এক কিক করে!!

